

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬

স্মারক নং ৩৮.০১.০০০০.২৫.৩৭৫.২০১৬-৪১

তারিখ: ১৫ মাঘ ১৪২৫
২৮ জানুয়ারি ২০১৯


বিষয়: পিইডিপি ৪ এর আওতায় বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বাস্তবায়নাধীন চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি'র (পিইডিপি ৪) আওতায় মে ২০১৯ – এপ্রিল ২০২০ সেশনে বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে ভর্তির জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, বিভাগীয় উপ-পরিচালকের কার্যালয়, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই, উপজেলা/থানা শিক্ষা অফিস, উপজেলা/থানা রিসোর্স সেন্টার, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ব্যাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও পরীক্ষণ ইউনিট এর বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের এবং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

২। বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে মাস্টার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীগণকে সংযুক্ত ফরমে তথ্যাদি প্রদানপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ ০২ (দুই) কপি আবেদনপত্র আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের মধ্যে ডাকযোগে/বাহক মারফত মহাপরিচালক বরাবর এবং ০১ (এক) কপি পরিচালক (প্রশিক্ষণ) বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হল।

৩। আবেদনের যোগ্যতা ও শর্তাবলী:

- ক. মাস্টার্স কোর্সে ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের কোন পর্যায়ের তৃতীয় বিভাগ গ্রহণযোগ্য হবেনা।
- খ. আবেদনপত্রের সাথে সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।
- গ. প্রার্থীদের ইংরেজিতে সাবলীলভাবে লেখা, পড়া ও বলার দক্ষতা থাকতে হবে।
- ঘ. প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে (ভর্তি, শিক্ষা সমাপনী এবং বারে পড়া রোধে সাফল্য অর্জনসহ সমাজ উদ্বুদ্ধকরণ ইত্যাদি ক্ষেত্রে) বিশেষ অবদানের জন্য স্বীকৃতিপ্রাপ্ত এবং প্রাথমিক শিক্ষা বিষয়ে উচ্চমানের প্রকাশনা/গবেষণা রয়েছে এমন প্রার্থীগণ ভর্তির জন্য অগ্রাধিকার পাবেন।
- ঙ. বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য প্রার্থীদের IELTS -এ ন্যূনতম ৬.০০ অথবা TOEFL-এ ন্যূনতম ৭৫.০০ স্কোর থাকা আবশ্যিক।
- চ. প্রার্থীদের চাকরি স্থায়ী হতে হবে এবং ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।
- ছ. প্রার্থীদের শৃঙ্খলা ও আচরণ সন্তোষজনক হতে হবে।
- জ. প্রার্থীদের বয়স ৩০ এপ্রিল ২০১৯ তারিখে অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর হতে হবে।
- ঝ. যে সকল কর্মকর্তা/শিক্ষক পিইডিপি-৩ এর আওতায় দেশী/বৈদেশিক বিশ্ববিদ্যালয় হতে এক বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রি অর্জন করেছেন তারা আবেদন করতে পারবেন না।
- ঞ. মাস্টার্স কোর্স সম্পন্ন করার পর প্রার্থীগণ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ১০ বছর কাজ করতে বাধ্য থাকবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করবেন।
- ট. মাস্টার্স কোর্সের শিক্ষার্থীদের টিউশন ফি ও লিভিং কস্ট পিইডিপি ৪ এর বরাদ্দ থেকে বহন করা হবে।


মোঃ আব্দুর রউফ
পরিচালক (প্রশিক্ষণ)
ফোন: ০২-৫৫০৭-৪৯৪৬

মহাপরিচালক: জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী/ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
/ব্যাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা ও পরীক্ষণ ইউনিট।
বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা: ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা
/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ- তাঁদের আওতাধীন সংশ্লিষ্ট প্রার্থীদের অবহিত করার অনুরোধসহ।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:

- ১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক (অতি: দায়িত্ব) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৩। অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি ৪) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৪। পরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
- ৫। সিস্টেম ম্যানেজার, আইএমডি, ডিপিই ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার.....(সকল)।
- ৭। সুপারিনটেনডেন্ট, পিটিআই.....(সকল)।
- ৮। উপজেলা/থানা শিক্ষা অফিসার.....(সকল)।
- ৯। ইন্সট্রাক্টর, উপজেলা/থানা রিসোর্স সেন্টার.....(সকল)।
- ১০। অফিস কপি।

বরাবর

মহাপরিচালক

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।

বিষয়ঃ বৈদেশিক বিশ্ববিদ্যালয়ে এক বছর মেয়াদী মাস্টার্স কোর্সে ভর্তির জন্য আবেদনপত্র।

১। প্রার্থীর নাম:

(ক) বাংলা:

(খ) ইংরেজি: (বড় হাতের)

২। (ক) পদবি ও বর্তমান কর্মস্থল:

(খ) বেতন স্কেল ও মূল বেতন:

৩। (ক) চাকুরীতে ১ম যোগদানের তারিখ:

(খ) বর্তমান পদে যোগদানের তারিখ:

৪। জন্ম তারিখ:

৫। (ক) বর্তমান ঠিকানা:

(খ) স্থায়ী ঠিকানা:

৬। ৩০ এপ্রিল ২০১৯ তারিখে বয়স:

৭। শিক্ষাগত যোগ্যতা (সনদপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে):

পরীক্ষার নাম	পাশের সাল	বোর্ড/বিশ্ববিদ্যালয়	শ্রেণি/বিভাগ/গ্রেড

৮। বিশেষ অবদানের স্বীকৃতি (সনদপত্র সংযুক্ত করতে হবে):

৯। IELTS/TOEFL-এ প্রাপ্ত মান (গড় : -----এবং একক ভাবে:-----):


১০। অন্যান্য বিশেষ যোগ্যতা/অর্জন (যদি থাকে):

সংযুক্তি:----- কপি।

আবেদনকারীর নাম ও স্বাক্ষরঃ

তারিখঃ

মোবাইল নম্বরঃ


30/01/2019
Md. Abdur Rouf
Additional Secretary
Director (Training)
Directorate of Primary Education